

# এবার গাড়ি ছোটাবেন আশা, চোখ এশিয়াডে

আজকালের

প্রতিবেদন: ছু করে  
পিচরাস্তা ধরে এগিয়ে  
চলেছে অ্যান্ডাসাডর।  
স্টিয়ারিং হাতে বসে  
রয়েছেন আশা রায়।  
অদূর ভবিষ্যতে এমন  
দৃশ্য দেখলে অবাক  
হবেন না। এবার  
আশার হাতে এসে গেল  
নতুন গাড়ি। এশিয়ান  
অ্যাথলেটিক্সে ব্রোঞ্জ  
জেতার জন্য আশা  
রায়কে অ্যান্ডাসাডর  
উপহার দিল হিন্দুস্থান  
মোটরস। মঙ্গলবার  
ক্ষুদিরাম অনুশীলন  
কেন্দ্রে আশার হাতে  
গাড়ির চাবি তুলে  
দিলেন ক্রীড়ামন্ত্রী মদন  
মিত্র। হাজির ছিলেন



আশার গতি আর একটু বাড়ল। গাড়ি দিলেন ক্রীড়ামন্ত্রী মদন মিত্র।

ছবি: বিকাশ সাধু

হিন্দুস্থান মোটরসের কর্তারা ও আশার বাবা-মা। এদিন  
হিন্দুস্থান মোটরসের নতুন গাড়িরও আনুষ্ঠানিক উদ্বোধন  
করেন ক্রীড়ামন্ত্রী। গাড়ি পেয়ে রীতিমতো আপ্লুত আশা।  
হিন্দুস্থান মোটরসের কর্তাদের প্রতি কৃতজ্ঞতা বারে পড়ছিল।  
বলাছিল, 'একটা গাড়ির সতিহি দরকার ছিল। কিন্তু আমার  
কেনার ক্ষমতা ছিল না। এশিয়ান অ্যাথলেটিক্সে সাফল্য না  
পেলে এই সম্মান পেতাম না। এবার গাড়ি চালানো শিখে  
নিতে হবে।' তবে খুব তাড়াতাড়ি গাড়ি চালানো শেখা হচ্ছে  
না আশার। কর্তার পরেই চলে যাবেন বেঙ্গালুরুর জাতীয়

শিবিরে। জাতীয় ওপেন অ্যাথলেটিক্সে ভাল ফল হয়নি। ব্যর্থ  
হওয়ার ব্যাখ্যা দিলেন আশা, 'পিঠে ব্যাথার জন্য ভালভাবে  
প্রস্তুতি নিতে পারিনি। ২০১৪-র জানুয়ারি-ফেব্রুয়ারিতে  
জাতীয় গেমস। সেদিকেই আপাতত লক্ষ্য।' তবে আশা  
পাখির চোখ করছেন ২০১৪ এশিয়াড। আশার পাশে  
দাঁড়ানোর জন্য ক্রীড়ামন্ত্রী মদন মিত্র হিন্দুস্থান মোটরস  
কর্তাদের অভিনন্দন জানিয়েছেন। এদিকে, ক্রীড়াবিদদের  
সম্মান দেওয়া নিয়ে বৃহস্পতিবার বিস্তারিত জানানো হবে  
বলে ক্রীড়ামন্ত্রী বলে গেলেন।